

তারিখ: ২১ জুলাই ২০২৫

শোক বার্তা

রাজধানীর উত্তরা দিয়াবাড়ি এলাকায় অবস্থিত মাইলস্টোন স্কুল এন্ড কলেজ ক্যাম্পাসে বাংলাদেশ বিমান বাহিনীর একটি এফ-৭ বিজেআই প্রশিক্ষণ বিমান বিধ্বস্ত হয়ে মর্মান্তিক দুর্ঘটনা ও হতাহতের ঘটনায় শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি'র পক্ষ থেকে আমরা গভীর শোক, দুঃখ ও সমবেদনা প্রকাশ করছি। এই দুর্ঘটনায় নিহতদের আত্মার মাগফিরাত কামনা এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদেরকে এই বিয়োগ ব্যাথা সহ্য করার মত শক্তিদানের জন্য পরম করুণাময় মহান আল্লাহ তায়ালার নিকট প্রার্থনা জানাচ্ছি।

এ দুর্ঘটনায় বিমানসেনা ও মাইলস্টোন স্কুল এন্ড কলেজের শিক্ষার্থী, অভিভাবক, শিক্ষক-কর্মচারীসহ যারা মর্মান্তিকভাবে আহত বা ক্ষতিগ্রস্ত হয়েছেন আমরা তাদের দ্রুত আরোগ্য কামনা করছি।

মহান আল্লাহ সবাইকে ধৈর্য্য ধারণ করার শক্তি দান করুন।

Amr 21.07.25

(ড. পাড় মশিযুর রহমান)

রেজিস্ট্রার

শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি

